Online Edition

06 – 12 January, 2022

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.)

❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖

Shiksha Chakri O Khela

বর্ষ - ৮, সংখ্যা - ১ | সাপ্তাহিক | ০৬ - ১২ জানুয়ারি, ২০২২ | পৃষ্ঠা - ২০

101 YEARS GEORGE TELEGRAPH 1920 2021

GSCE

পড়লেই সরকারি চাকরি

Helpline : 9830277100 / 200 / 300

George Telegraph ● Since 1920

এগ্রিকালচারাল রিসার্চে ৬৪১ টেকনিশিয়ান

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট ৬৪১টি শূন্যপদে মাধ্যমিক পাশ যোগ্যতায় টেকনিশিয়ান শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। সংস্থাটি 'ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ' (ICAR) দ্বারা নিয়ন্ত্রিত। লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। আবেদনের শেষ তারিখ ১০ জানুয়ারি, ২০২২ রাত্রি ১১টা ৫৫ পর্যন্ত।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ৬৪১টি (অসংরক্ষিত ২৮৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬১, এসসি ৯৩, এসটি ৬৮, ওবিসি ১৩৩, প্রাক্তন সমরকর্মী ৮ এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৬টি শূন্যপদ সংরক্ষিত)।

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

▸ **বয়সসীমা :** ১০ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-৩০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমতুল পাশ করলেই প্রার্থী আবেদন করতে পারবেন।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে যেখানে ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, সায়েন্স ও সোশ্যাল সায়েন্স বিষয় থেকে। প্রতিটি বিষয়ে ২৫ নম্বর করে প্রশ্ন থাকবে। যেখানে ১০০ নম্বরের অবজেক্টিভ

এরপর ৪ পাতায়

সেবিতে ১২০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

আবেদনের শেষ তারিখ ২৪ জানুয়ারি

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ 'সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া' (সেবি) ১২০টি শূন্যপদে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড-এ) বিভাগে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। জেনারেল স্ট্রিম, লিগ্যাল স্ট্রিম, ইনফরমেশন টেকনোলজি স্ট্রিম, রিসার্চ স্ট্রিম এবং অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ স্ট্রিম শাখায় অফিসার পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।

▸ **শূন্যপদ :** ১) *জেনারেল স্ট্রিমে* মোট শূন্যপদ ৮০টি (অসংরক্ষিত ৩২, ওবিসি ২২, এসসি ১১, এসটি ৭ ও আর্থিকভাবে পিছিয়ে পড়া শ্রেণি ৮)। এদের মধ্যে ৫টি পদ শারীরিক

এরপর ২ পাতায়

প্রতিরক্ষা মন্ত্রকে ৯৭

মাধ্যমিক যোগ্যতায়

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ প্রিন্সিপাল ডিরেক্টোরেট, ডিফেন্স এস্টেট, সাউদার্ন কমান্ড, পুণে থেকে জুনিয়র হিন্দি ট্রানস্লেটর, সাব-ডিভিশনাল অফিসার গ্রেড-II এবং হিন্দি টাইপিস্ট পদে ৯৭ জনকে নিয়োগ করতে চলেছে। আবেদন করতে হবে ১৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ :** জুনিয়ার হিন্দি ট্রানস্লেটর শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৫ ও আর্থিকভাব অনগ্রসর শ্রেণি ২)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য একটি শূন্যপদ সংরক্ষিত। সাব-ডিভিশনাল অফিসার গ্রেড-II শাখায় শূন্যপদ ৮৯টি (অসংরক্ষিত ৩৬, ওবিসি ২৩, এসসি ১০, এসটি ৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৬)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৯টি এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত। হিন্দি টাইপিস্ট শাখায় শূন্যপদ ১টি (আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি-শারীরিক প্রতিবন্ধী)।

এরপর ২ পাতায়

সিআইএসএফে ২৪৯ কনস্টেবল

স্পোর্টস কোটায় নিয়োগ

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ) স্পোর্টস কোটার মাধ্যমে দক্ষতাসম্পন্ন খেলোয়াড় হিসাবে ২৪৯ জন পুরুষ ও মহিলাকে জেনারেল ডিউটি শাখায় হেড কনস্টেবল পদে নিয়োগ করতে চলেছে। আবেদনগ্রহণ চলবে ২০২২ সালের ৩১ মার্চ বিকেল পাঁচটা

এরপর ৪ পাতায়

নাসিকে নোট প্রেসে ১৪৯

উচ্চমাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় সরকারের সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মাইনিং কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের অধীনস্থ নাসিকের কারেন্সি নোট প্রেস ১৪৯টি শূন্যপদে ওয়েলফেয়ার অফিসার, বিভিন্ন বিভাগে সুপারভাইজার, সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অফিস

এরপর ২ পাতায়

সমস্ত পাঠক-পাঠিকা, বিজ্ঞাপনদাতা, এজেন্ট, পেপার বিক্রেতা ও শুভানুধ্যায়ীদের 'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পক্ষ থেকে ইংরেজি নতুন বছরের প্রীতি ও শুভেচ্ছা জানাই।

জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ায় ৬৩

উচ্চমাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড ৬৩টি শূন্যপদে অ্যাকাউন্ট্যান্ট, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট এবং জুনিয়র ইন্সপেক্টর শাখায় কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রার্থীদের নিয়োগ করা হবে নন-এক্সিকিউটিভ ক্যাডারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 01/2021। প্রসঙ্গত উল্লেখ্য, জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার হেড অফিস কলকাতায় অবস্থিত। আবেদন করতে হবে ১৩ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ :** অ্যাকাউন্ট্যান্ট শাখায় শূন্যপদ ১২টি (অসংরক্ষিত ৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ৩ এবং এসসি ১)। এই পদে শারীরিক প্রতিবন্ধীরাও আবেদন করতে পারেন। জুনিয়র অ্যাসিস্ট্যান্ট শাখায় শূন্যপদ ১১টি (অসংরক্ষিত ৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ২,

এরপর ২ পাতায়

উত্তর দিনাজপুরে ২৮৬ আশাকর্মী

মাধ্যমিক যোগ্যতায়

রাজ্যের উত্তর দিনাজপুর জেলায় বিভিন্ন ব্লকে ২২৬টি শূন্যপদে আশাকর্মী নিয়োগ হতে চলেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 01/Genl./Health/ASHA এবং 08 SDO(R)/Health/ASHA। শুধুমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন। আবেদনের শেষ তারিখ ৩১ জানুয়ারি, ২০২২।

▸ **শূন্যপদ :** ১) *চোপরা ব্লকের অন্তর্গত* চোপড়া, চুটিয়াখোড়ি, দাসপাড়া, ঘিরনিগাঁও, হাপতিয়াগাছ, লখীপুর,

এরপর ৩ পাতায়

WBCS

Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview

Regular Combined

Bank, Rail, CGL, CHSL, MTS, PSC etc.

Smart Combined for an individual Exam

Interview & Personality Grooming

সিজিএল পরীক্ষার মাধ্যমে কয়েক হাজার শূন্যপদে নিয়োগ

জিএসসিই-তে আজই যোগাযোগ করুন। এককালীন কোর্স ফি প্রদানে বা গ্রুপে ভর্তি হলে আকর্ষণীয় ছাড়ের সুযোগ।

গ্র্যাজুয়েট, কলেজ ও উচ্চমাধ্যমিক পড়ুয়াদের জন্য অফলাইন ও অনলাইনে চাকরির প্রস্তুতির সুযোগ

Helpline : 9830277100 / 200 / 300

Website : www.gsceindia.org

101 YEARS GEORGE TELEGRAPH 1920 2021

GSCE

পড়লেই সরকারি চাকরি

George Telegraph ● Since 1920

সম্পাদকীয়

করোনার লাগামছাড়া সংক্রমণে জর্জরিত গোটা দেশ। দৈনিক সংক্রমণ লাফিয়ে লাফিয়ে বাড়ছে। আগের দিনের তুলনায় পরের দিনের সংক্রমণের গ্রাফ দেখে বিশেষজ্ঞ থেকে সাধারণ মানুষ সকলেরই চোখ কপালে ওঠার জোগাড়। এহেন পরিস্থিতিতে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ফের বন্ধ করার নির্দেশিকা জারি করেছে প্রশাসন। তার সঙ্গে সরকারি চাকরিপ্রার্থীদের কপালেও চিন্তার ভাঁজ পড়েছে। ফের কি চাকরির পরীক্ষাগুলি আবার পিছিয়ে যাবে। 'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা চাকরিপ্রার্থীদের সর্বদা একটা কথাই বলে এসেছে, লকডাউন, সংক্রমণের বৃদ্ধি বা সঙ্কটজনক পরিস্থিতি— জীবনে সঙ্কটজনক পরিস্থিতি আসবেই। কিন্তু তাই বলে হতাশায় ডুবে হাল ছেড়ে দিলে চলবে না। আমাদের থেকে আরও কঠিনতর পরিস্থিতিতে প্রচুর সংগ্রামশীল মানুষ রয়েছেন। আর একথা তো ঠিকই যে, করোনা পরিস্থিতি আমাদের চোখে আঙুল দিয়ে বুঝিয়ে দিল যে, সরকারি চাকরির কোনো বিকল্প নেই। সরকারি কর্মচারীরা জীবনের ঝুঁকি নিয়েও যেমন অফিস গিয়েছেন, তেমন একথাও সত্যি যে, হঠাৎ করে কাজ চলে যাওয়া বা কর্মহীনতার সম্মুখীন হওয়া– এরকম পরিস্থিতিতে তাঁদের পড়তে হয়নি বা ভবিষ্যতেও হবে না। সুতরাং পরীক্ষা পিছোতে পারে তা যেকোনো কারণেই হোক না কেন, কিন্তু তা অনুষ্ঠিত হবেই। ২০২১ সালেও আমরা দেখেছি, লোকাল ট্রেন চালু হওয়ার সঙ্গে সঙ্গেই বেশকিছু স্থগিত হয়ে যাওয়া নিয়োগ পরীক্ষা ফের অনুষ্ঠিত করেছিল কেন্দ্রীয় ও রাজ্য সরকার। সুতরাং এই সঙ্কটজনক পরিস্থিতিও একদিন স্থিমিত হয়ে আসবে এবং কেন্দ্র ও রাজ্য সরকার তাদের প্রশাসনিক কাজকর্ম চালানোর জন্যই ফের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেই। এ সপ্তাহেও বেশ কিছু সরকারি চাকরির ফলাফল ও তারিখ প্রকাশিত হয়েছে। পত্রিকার পাতায় আমরা তা জানিয়েছি। একাধিক সরকারি চাকরির নিয়োগ বিজ্ঞপ্তিও প্রকাশিত হয়েছে যার বিস্তারিত বিবরণ রইল এই সংখ্যায়। উল্লেখযোগ্য 'কারেন্ট অ্যাফেয়ার্স'-এর খবরাখবর প্রকাশ করলাম আমরা প্রতিবারের মতোই। রইল 'সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার' প্রাপকদের নামের তালিকা। আগামীদিনের সরকারি চাকরির পরীক্ষায় যা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। সদ্যই একটি নতুন বছর শুরু হল। তাই কোনোরকম নেতিবাচক চিন্তা মাথায় না এনে ইতিবাচক মনোভাবাপন্ন হয়ে আমাদের এগিয়ে যেতে হবে। কথায় আছে, 'ধৈর্য্যের ফল মিষ্টি হয়'। সমস্ত পাঠক-পাঠিকাদের সুস্থ সবল শরীর প্রার্থনা করি ঈশ্বরের কাছে। সকল পাঠক-পাঠিকা ও শুভানুধ্যায়ীদের জানাই নতুন বছরের আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা।

সেবিতে ১২০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

১ পাতার পর

প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ২) *লিগ্যাল স্ট্রিমে* মোট শূন্যপদ ১৬টি (অসংরক্ষিত ১১, ওবিসি ২, এসসি ১, এসটি ১ ও আর্থিকভাবে পিছিয়ে পড়া শ্রেণি ১)। এদের মধ্যে ২টি পদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ৩) *ইনফরমেশন টেকনোলজি স্ট্রিমে* মোট শূন্যপদ (বকেয়াসহ) ১৪টি (অসংরক্ষিত ৫, ওবিসি ২, এসসি ৩, এসটি ৩ ও আর্থিকভাবে পিছিয়ে পড়া শ্রেণি ১)। এদের মধ্যে ২টি পদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ৪) *রিসার্চ স্ট্রিমে* মোট শূন্যপদ (বকেয়াসহ) ৭টি (অসংরক্ষিত ৪, ওবিসি ২ ও এসসি ১)। এদের মধ্যে ১টি পদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। ৫) *অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ স্ট্রিমে* শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২, ওবিসি ১)। এদের মধ্যে ১টি পদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

▶ **বয়স :** ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** ১) *জেনারেল স্ট্রিমে* আবেদন করতে হলে প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় মাস্টার ডিগ্রি পাশ করতে হবে। এছাড়া স্নাতক স্তরে আইন/যেকোনো শাখায় ইঞ্জিনিয়ারিং ডিগ্রি/সিএ/সিএফএ/সিএস/সিডব্লুএ পাশ থাকতে হবে। ২) *লিগ্যাল স্ট্রিমে* আবেদন করতে হলে প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আইনে স্নাতক হতে হবে। ৩) *ইনফরমেশন টেকনোলজি স্ট্রিমে* আবেদন করতে হলে প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশ করতে হবে ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ইনফরমেশন টেকনোলজি/কম্পিউটার সায়েন্সে স্নাতক পাশ করতে হবে। অথবা, কম্পিউটার অ্যাপ্লিকেশনে মাস্টার ডিগ্রি বা যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে অন্তত ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট কোয়ালিফিকেশন থাকতে হবে কম্পিউটার/ইনফরমেশন টেকনোলজিতে। ৪) *রিসার্চ স্ট্রিমে* আবেদন করতে হলে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রার্থীকে মাস্টার ডিগ্রি পাশ করতে হবে স্ট্যাটিসটিক্স/ইকোনমিক্স/কমার্স/বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিন্যান্স)/ইকোনমেট্রিক্স বিষয়ে। ৫) *অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ স্ট্রিমে* আবেদন করতে হলে প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে হিন্দিতে স্নাতকোত্তর হতে হবে স্নাতক স্তরে ইংরেজি-সহ। অথবা, সংস্কৃত/ইংরেজি/ইকোনমিক্স/কমার্সে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে স্নাতকস্তরে হিন্দিসহ। দুটি লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হবে।

▶ **নির্বাচন পদ্ধতি :** সমস্ত স্ট্রিমের জন্য প্রথম পেপারে ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে যেখানে ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং টেস্ট অফ রিজিনিং-এর সঙ্গে আর্থিক বিষয়ের উপর জেনারেল অ্যাওয়ারনেসের প্রশ্ন থাকবে। ৩০ শতাংশ কাট-অফ পেলেই দ্বিতীয় পেপারের পরীক্ষায় অবতীর্ণ হওয়া যাবে, দ্বিতীয় পেপারে জেনারেল স্ট্রিমে অবজেকটিভ টাইপের ১০০ নম্বরের প্রশ্ন থাকবে কমার্স, অ্যাকাউন্টেন্সি, ম্যানেজমেন্ট, ফিন্যান্স, কস্টিং, কোম্পানিজ অ্যাক্ট ও ইকোনমিক্স বিষয়ে। সময় ৪০ মিনিট, ৪০ শতাংশ কাট-অফ তুলতে পারলেই উত্তীর্ণ হওয়া যাবে। লিগ্যাল, ইনফরমেশন টেকনোলজি এবং অফিসিয়েল ল্যাঙ্গুয়েজ স্ট্রিমের জন্য সংশ্লিষ্ট বিষয় থেকে ১০০ নম্বরের প্রশ্ন থাকবে। এছাড়া রিসার্চ টিমের জন্য ইকোনমিক্স, ইকোনোমেট্রিক্স, স্ট্যাটিস্টিক্স, ফাইন্যান্স এবং কমার্স বিষয় থেকে ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে। এক্ষেত্রেও ৪০ মিনিট করে সময় থাকবে এবং কাট-অফ মার্কস তুলতে হবে ৪০ শতাংশ। প্রথম ও দ্বিতীয় পেপারেই এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকছে। দুটি পেপারেই অনলাইনে পরীক্ষা হবে। প্রথম পেপারের পরীক্ষা অনুষ্ঠিত হবে ২০ ফেব্রুয়ারি, ২০২২। মার্চ মাসের ২০ তারিখে দ্বিতীয় পেপারের পরীক্ষা অনুষ্ঠিত হবে শুধুমাত্র ইনফরমেশন টেকনোলজি স্ট্রিমটি বাদ দিয়ে। ইনফরমেশন টেকনোলজি স্ট্রিমের পরীক্ষাটি হবে এপ্রিল মাসের ৩ তারিখে। ইন্টারভিউয়ের তারিখ পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

▶ **আবেদনের সময়সীমা :** www.sebi.gov.in ওয়েবসাইটে গিয়ে প্রার্থীকে ২৪ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে আবেদন করতে হবে। আবেদন ফি ১০০০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ১০০ টাকা। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে নজর রাখুন।

নাসিকে নোট প্রেসে ১৪৯

১ পাতার পর

অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র টেকনিশিয়ান শাখায় প্রার্থী নিয়োগ করতে চলেছে। প্রার্থীদের নিয়োগ করা হবে দেশের কলকাতা, মুম্বাই, হায়দ্রাবাদ এবং নয়ডার কারেন্সি প্রিন্টিং প্রেসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : CNPN/HR/Rect./01/2021। আবেদনের শেষ তারিখ ২৫ জানুয়ারি, ২০২২।

▶ **শূন্যপদ, শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা :** ১) *ওয়েলফেয়ার অফিসার* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়সসীমা ১৮-৩০ বছর। আবেদনের জন্য ডিগ্রি/ডিপ্লোমা কোর্স পাশ করতে হবে সোশ্যাল সায়েন্সে। এরসঙ্গে মাস্টার ডিগ্রি পাশ করতে হবে সোশ্যাল ওয়ার্ক বিষয়ে এবং সঙ্গে স্পেশালাইজেশন থাকতে হবে ইন্ডাস্ট্রিয়াল রিলেশন, লেবার ওয়েলফেয়ার অ্যান্ড পার্সোনেল ম্যানেজমেন্ট বিষয়ে। অথবা, পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকতে হবে পার্সোনেল ম্যানেজমেন্টে/মাস্টার ডিগ্রি থাকতে হবে লেবার ল অ্যান্ড লেবার ওয়েলফেয়ারে অথবা, মাস্টার ডিগ্রি থাকতে হবে সোশ্যাল ওয়ার্ক বিভাগে এবং লেবার ওয়েলফেয়ার অ্যান্ড পার্সোনেল ম্যানেজমেন্টে স্পেশালাইজেশন থাকতে হবে। ২) *সুপারভাইজার (টেকনিক্যাল কন্ট্রোল)* শাখায় শূন্যপদ ১০টি (অসংরক্ষিত ৬, এসসি ১, ওবিসি ২ এবং আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। বয়সসীমা ১৮-৩০ বছর। আবেদনের জন্য প্রথম শ্রেণিতে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ করতে হবে প্রিন্টিং বিষয়ে। অথবা, বিটেক/বিই/বিএসসি (ইঞ্জিনিয়ারিং) পাশ করতে হবে প্রিন্টিং বিষয়ে। ৩) *সুপারভাইজার (টেকনিক্যাল অপারেশন)* শাখায় শূন্যপদ ৫টি (এসসি ৩ এবং ওবিসি)। বয়সসীমা ১৮-৩০ বছর। আবেদনের জন্য প্রথম শ্রেণিতে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ করতে হবে প্রিন্টিং বিষয়ে। অথবা, বিটেক/বিই/বিএসসি (ইঞ্জিনিয়ারিং) পাশ করতে হবে প্রিন্টিং বিষয়ে। ৪) *সুপারভাইজার*

এরপর ৪ পাতায়

জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ায় ৬৩

১ পাতার পর

এসসি ২ এবং এসটি ১) শারীরিক প্রতিবন্ধীরাও আবেদন করতে পারেন। জুনিয়র ইন্সপেক্টর শাখায় শূন্যপদ ৪০টি (অসংরক্ষিত ১৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪, ওবিসি ১১, এসসি ৫ এবং এসটি ২)। শারীরিক প্রতিবন্ধীরা আবেদনযোগ্য নন।

▶ **বয়সসীমা :** ১ ডিসেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** অ্যাকাউন্ট্যান্ট পদে আবেদনের জন্য এমকম পাশের সঙ্গে অ্যাডভান্সড অ্যাকাউন্টেন্সি অ্যান্ড অডিটিং বিষয়টি স্পেশাল সাবজেক্ট হিসেবে পড়ে থাকতে হবে। এরসঙ্গে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। অথবা, বিকম পাশের সঙ্গে অন্তত ৭ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের জন্য যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে কম্পিউটারে মাইক্রোসফট অফিসে কাজ জানতে হবে এবং ইংরেজিতে টাইপিং স্পিড থাকতে হবে ৪০টি শব্দ প্রতি মিনিটে। জুনিয়র ইন্সপেক্টর পদে আবেদনের জন্য উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কাঁচা পাট ক্রয়-বিক্রয় ইত্যাদি কাজে।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে অনলাইনে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষার সিলেবাস ও বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত জানতে www.jutecorp.in ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিতে হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৩ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.jutecorp.in ওয়েবসাইট গিয়ে। আবেদন ফি ২০০ টাকা। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

প্রতিরক্ষা মন্ত্রকে ৯৭

১ পাতার পর

▶ **বয়সসীমা :** ১৫ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী জুনিয়র হিন্দি ট্রানস্লেটর পদেরর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে এবং বাকি পদগুলির বয়সসীমা ১৮-২৭ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** জুনিয়র হিন্দি ট্রানস্লেটর পদে আবেদনের জন্য প্রার্থীকে মাস্টার ডিগ্রি পাশ করতে হবে হিন্দি/ইংলিশ/যেকোনো বিষয়ে এবং স্নাতক স্তরে অবশ্যই এই বিষয়গুলির মধ্যে যেটিতে মাস্টার ডিগ্রি করা থাকবে সেটি বাদ দিয়ে বাকি বিষয়গুলি পড়ে থাকতে হবে। অর্থাৎ হিন্দিতে মাস্টার্স করা থাকলে স্নাতকস্তরে ইংরেজি বিষয়ে অথবা, ইংরেজিতে মাস্টার্স করা থাকলে স্নাতক স্তরে হিন্দি বিষয়ে পড়ে থাকতে হবে। সাব-ডিভিশনাল অফিসার গ্রেড-II পদে আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ২ বছর মেয়াদের সার্ভেয়িং অথবা, ড্রাফটসম্যানশিপ (সিভিল) ট্রেডে ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে। হিন্দি টাইপিস্ট পদে আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে হিন্দি টাইপ রাইটিংয়ে স্পিড

এরপর ৩ পাতায়

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে প্রকাশিত কোনো বিজ্ঞাপনের তথ্যে কোনোরূপ ভুল থাকলে তার দায় সম্পূর্ণভাবে ঐ বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

উত্তর দিনাজপুরে ২৮৬ আশাকর্মী

১ পাতার পর

মাঝলালি এবং সোনারপুর গ্রাম পঞ্চায়েতে শূন্যপদ আছে ২৬টি। ***২) ইসলামপুর ব্লকের অন্তর্গত*** আগ-ডিমটি খাস্তি, গাইসল-১, গাইসল-২, গোবিন্দপুর, গুঞ্জরিয়া, ইসলামপুর, মাটিকুণ্ডা-২, পণ্ডিতপোতা-১, পণ্ডিতপোতা-২, রামগঞ্জ-১, রামগঞ্জ-২ এবং সুজালি গ্রাম পঞ্চায়েতে শূন্যপদ আছে ৬৩টি। ***৩) গোয়ালপখের-১ ব্লকের অন্তর্গত*** ধরমপুর-১, গোয়াগাঁও-১, গোয়াগাঁও-২, গোয়ালপোখের, গোতি,জেইনগাঁও, খাগোর, লোধান, মহুয়া, পাঞ্জিপাড়া, পোখাড়িয়া, সাহাপুর-১ ও সাহাপুর-২ গ্রাম পঞ্চায়েতে শূন্যপদ আছে ২৬টি। ***৪) গোয়ালপখের-২ ব্লকের অন্তর্গত*** বেলান, বিদ্যানন্দপুর, সাকুলিয়া, কানকি, নিজামপুর-১, নিজামপুর-২, সাহাপুর-১, সাহাপুর-২, সূর্যপুর-১, সূর্যপুর-২ এবং তোড়িয়াল গ্রাম পঞ্চায়েতে শূন্যপদ আছে ৪৩টি। ***৫) করণদিঘি ব্লকের অন্তর্গত*** আলতাপুর-১, আলতাপুর-২, বাজারগাঁও-১, বাজারগাঁও-২, ডালখোলা, দোমোহনা, করণদিঘি-১, করণদিঘি-২, লাহুতারা-১, লাহুতারা-২, রানীগঞ্জ, রসখোওয়া-১ এবং রসখোওয়া-২ গ্রাম পঞ্চায়েতে শূন্যপদ আছে ৬৮টি। ***৬) রায়গঞ্জ ব্লকের অন্তর্গত*** ভাতুন, মাহিপুর, বিন্দোলি, শেরপুর, রামপুর, বোরোয়া, কমলাবাড়ি-১, বাহিন, গৌরী, মারাইপুরা গ্রাম পঞ্চায়েতে শূন্যপদ ১০টি। ***৭) কালিয়াগঞ্জ ব্লকের অন্তর্গত*** অনন্তপুর, মুস্তাফানগর, ধানকোইল, বরুনা, বোচাডাঙ্গা, মালগাঁও গ্রাম পঞ্চায়েতে শূন্যপদ ৬টি। ***৮) ইটাহার ব্লকের অন্তর্গত*** জয়হাট, মারনাই, গোলন্দার-১, ইটাহার, গোলন্দার-২, পাতিরাজপুর, সুরুন-২ এবং দুর্লভপুর গ্রাম পঞ্চায়েতে শূন্যপদ ৮টি। ***৯) হেমতাবাদ ব্লকের অন্তর্গত*** চোইনগর, নাওদা, হেমতাবাদ, বঙ্গালবাড়ি এবং বিষ্ণুপুর গ্রাম পঞ্চায়েতে টি শূন্যপদ সংরক্ষিত।

▸ **বয়সসীমা :** প্রার্থীদের বয়স হতে হবে ৩০-৪০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের বয়সের নিম্নসীমা হতে হবে ২২। সমস্ত প্রার্থীদের ২৯ ডিসেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী বয়সসীমা নির্ধারিত হবে এবং দ্বিতীয় বিজ্ঞপ্তি নম্বর অনুযায়ী বয়সসীমা নির্ধারিত হবে ১ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** প্রার্থীরা মাধ্যমিক পাশ অথবা মাধ্যমিক ফেল হলেও আবেদন করতে পারবেন। অর্থাৎ মাধ্যমিক পরীক্ষায় অবতীর্ণ হলেই আবেদন করতে পারবেন। প্রার্থীকে অবশ্যই বিবাহিত, ডিভোর্সী অথবা বিধবা মহিলা হতে হবে। প্রার্থী যে ব্লকের হয়ে আবেদন করবেন সেই ব্লকেরই বাসিন্দা হতে হবে। যদি উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকে তবে মাধ্যমিকের নম্বরই বিবেচিত হবে।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** প্রার্থীকে www.uttardinajpur.nic.in ওয়েবসাইট থেকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে আবেদনপত্রের যে বয়ান দেওয়া আছে সেটি ডাউনলোড করে প্রিন্ট আউট করতে হবে একটি এ-৪ সাইজ পেপারে। এরপর সেটিকে যথাযথভাবে ফিলআপ করে ৩১ জানুয়ারি, ২০২২ বিকেল ৪টার মধ্যে নির্দিষ্ট ঠিকানায় জমা করতে হবে স্পিড পোস্ট, রেজিস্টার্ড পোস্ট অথবা নিজ হাতে। ঠিকানাটি হল– To, The Member Secretary, ASHA Selection Committee, Office of the Block Development Officer, Respective Block, P.O. Respective Post Office, District - Uttardinajpur, Pin _____। আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত নথিপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি জমা করতে হবে, ভোটার কার্ড, রেশন কার্ড, মাধ্যমিকের মার্কশিট, কাস্ট সার্টিফিকেট (যদি থাকে), কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (সেলফ হেলফ গ্রুপের সদস্য/প্রশিক্ষিত দাই ইত্যাদি হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকলে দেবেন)। দ্বিতীয় বিজ্ঞপ্তি নম্বরে আবেদন করতে হলে প্রার্থীকে ৩১ জানুয়ারি, ২০২২ তারিখে বিকেল ৫টার মধ্যে আবেদনপত্র জমা করতে হবে। এছাড়া আরও বিস্তারিত জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

প্রতিরক্ষা মন্ত্রকে ৯৭

২ পাতার পর

থাকতে হবে ২৫টি শব্দ প্রতি মিনিটে।

▸ **নির্বাচন পদ্ধতি :** জুনিয়র হিন্দি ট্রানস্লেটর পদের জন্য প্রার্থীকে একটি ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় বসতে হবে যেখানে ১২০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে জেনারেল ইংলিশ, জেনারেল নলেজ, হিন্দি গ্রামার এবং অনুবাদ সংক্রান্ত বিষয় থেকে। এবং ৮০ নম্বরের একটি রচনাধর্মী টাইপটেস্টে অংশগ্রহণ করতে হবে যেখানে ইংরেজি থেকে হিন্দি এবং হিন্দি থেকে ইংরেজিতে অনুবাদ করতে হবে। পরীক্ষার সময় মোট ২ ঘণ্টা। সাব-ডিভিশনাল অফিসার গ্রেড-II পদের জন্য প্রার্থীকে ১৫০ নম্বরের অবজেক্টিভ টাইপের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে যেখানে ১০০ নম্বরের প্রশ্ন থাকে টেকনিক্যাল নলেজ থেকে এবং জেনারেল নলেজ/জেনারেল অ্যাপ্টিটিউড থেকে ২৫ নম্বর এবং জেনারেল ইংলিশ থেকে ২৫ নম্বরের প্রশ্ন থাকবে। সময় ২ ঘণ্টা। এই পরীক্ষায় উত্তীর্ণ হলে প্রার্থী স্কিল টেস্টে অংশগ্রহণ করতে হবে। হিন্দি টাইপিস্ট পদের জন্য প্রার্থীকে ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের পরীক্ষায় বসতে হবে যেখানে হিন্দি ল্যাঙ্গুয়েজ, জেনারেল নলেজ, জেনারেল অ্যাওয়ারনেস, হিন্দি গ্রামার এবং মেন্টাল এবিলিটি থেকে প্রশ্ন থাকবে। সময় ২ ঘণ্টা। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীকে ১০ মিনিটের কম্পিউটার স্কিল টেস্টে অংশগ্রহণ করতে হবে। লিখিত এবং স্কিল টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হবে দিল্লি, পুণে এবং কলকাতার ব্যারাকপুর ক্যান্টনমেন্টে। কোনো ইন্টারভিউ পর্ব নেই।

▸ **আবেদনের সময়সীমা :** ১৫ জানুয়ারি, ২০২২ তারিখ বিকেল ৫টার মধ্যে শুধুমাত্র অর্ডিনারি পোস্টের মাধ্যমে আবেদনপত্র পাঠাতে হবে এই ঠিকানায়— To, The Principal Director, Defence Estates, Southern Command, Near ECHS Poly Clinic, Kondhwa Road, Pune-411040। আবেদন ফি ২০০ টাকা। আবেদন ফি ডিমান্ড ড্রাফটের মাধ্যমে জমা করতে হবে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করতে https://www.dvde.gov. in, https://nidem.dvde.gov.in, https://pune.cantt.gov.in, https://delhi.cantt.gov.in অথবা, https://barrackpore.cantt.gov.in এই ওয়েবসাইটগুলি দেখুন।

ঝাড়গ্রাম জেলা স্বাস্থ্য সমিতিতে ২৪

ঝাড়গ্রাম জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি মেডিক্যাল অফিসার, স্টাফ নার্স, অ্যাকাউন্ট্যান্ট (আয়ুষ) ও গ্রুপ-ডি (আয়ুষ) পদে ২৪ জনকে নিয়োগ করতে চলেছে প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : DH&FWS/JGM/2021/2410। আবেদন করতে হবে ১০ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে www.wbhealth.gov.in/recruitment ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০ টাকা। সংরক্ষিত শ্রেণির আবেদন ফি ৫০ টাকা। আবেদন ফি জমা করতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। অ্যাকাউন্ট্যান্ট ও গ্রুপ-ডি পদে ১টি করে শূন্যপদ আছে অসংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য। এই শাখায় শুধুমাত্র অবসরপ্রাপ্ত রাজ্য সরকারি কর্মচারীরাই আবেদন করতে পারবেন। বয়সসীমা ৬২ বছর। ডিস্ট্রিক্ট ম্যানেজার পাবলিক হেলথ শাখায় ১টি শূন্যপদ অসংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য সংরক্ষিত। এই পদে আবেদনের জন্য এমবিবিএস/ডেন্টাল/আয়ুষ/নার্সিং গ্র্যাজুয়েট এবং সঙ্গে হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন/হেলথ ম্যানেজমেন্টে মাস্টার্স পাশ করতে হবে ও ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা ৪০ বছর। স্টাফ নার্স শাখায় ১১টি শূন্যপদ (অসংরক্ষিত ৫, এসসি ৩, এসটি ১, ওবিসি-এ ১ এবং ওবিসি-বি ১)। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত জিএনএম কোর্স পাশ অথবা, বিএসসি নার্সিং কোর্স পাশের সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল দ্বারা রেজিস্টার্ড হতে হবে। বয়সসীমা ৪০ বছর। সমস্ত পদের বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা ১ জানুয়ারি, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। অনলাইনে আবেদনপত্রটির প্রিন্টআউট কপি ১৩ জানুয়ারি বিকেল ৫টার মধ্যে নির্দিষ্ট ঠিকানায় পাঠাতে হবে। বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইট গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

GSTT
GEORGE SCHOOL OF TEACHERS TRAINING

জর্জ স্কুল অফ টিচার্স ট্রেনিং

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021

Affiliated to : National Council of Vocational & Research Training (NCVRT)
(An Autonomous Body Recognized by Government of India)

Admission is going on. Take admission within 15th of January, 2022 for 2021-22 Session

One Year Certificate / Diploma Courses

Course	Eligibility	Duration
Certificate in Pre-School Teacher Training	10th Pass	One Year
Certificate in Pre-Primary Teacher Training	10th Pass	One Year
Certificate in Nursery Teacher Training	10th Pass	One Year
Certificate in Montessori Teacher Training	10th Pass	One Year
Certificate in Drawing Teacher Training	10th Pass	One Year
Certificate in Computer Teacher Training	10th Pass	One Year
Diploma in Montessori & Nursery Teacher Training	12th Pass	One Year
PG Diploma in Montessori & Nursery Teacher Training	Any Degree/ Diploma	One Year
Diploma in Montessori Teacher Training	10th Pass	One Year
Diploma in Primary Teacher Training	10th Pass	One Year

হেড অফিস : শিয়ালদহ | ১৩৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২ | 9231036500

Please send your queries to : gsttsdh@gmail.com

সিআইএসএফে ২৪৯ কনস্টেবল

১ পাতার পর

পর্যন্ত। উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলির জন্য আবেদনের শেষ তারিখ ৭ এপ্রিল বিকেল পাঁচটা পর্যন্ত।

▶ **শূন্যপদ :** ***১) অ্যাথলেটিক্স বিভাগে– পুরুষ শাখায়*** ১০০ মিটারে ১টি, ২০০ মিটারে ৩টি, ৪০০ মিটারে ২, ৮০০ মিটারে ২, ১৫০০ মিটারে ৩, ৩০০০ মিটারে ২, ৫০০০ মিটারে ৩, ১০০০০ মিটারে ৩, ম্যারাথনে ৩, ২০ মিটার হাঁটায় ৩, ১১০ মিটার হার্ডলে ২, ৪০০ মিটার হার্ডলে ৩, ৪×১০০ মিটার রিলেতে ৪, ৪×৪০০ মিটার রিলেতে ৪, হ্যামার থ্রোতে ২, জ্যাভলিন থ্রোতে ১, ডেকাথলনে ২, লং জাম্পে ১, হাই জাম্পে ২, ট্রিপল জাম্পে ৩ এবং পোল ভল্টে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***অ্যাথলেটিক্স বিভাগে– মহিলা শাখায়*** ১০০ মিটারে ১টি, ২০০ মিটারে ২টি, ৪০০ মিটারে ১, ৮০০ মিটারে ৩, ১৫০০ মিটারে ৩, ৩০০০ মিটারে ৩, ৫০০০ মিটারে ১, ১০০০০ মিটারে ২, ম্যারাথনে ৩, ১০ মিটার হাঁটায় ২, ১০০ মিটার হার্ডলে ২, ৪০০ মিটার হার্ডলে ৩, ৪×১০০ মিটার রিলেতে ৪, ৪×৪০০ মিটার রিলেতে ৪, হ্যামার থ্রোতে ১, জ্যাভলিন থ্রোতে ১, লং জাম্পে ১, হাই জাম্পে ১ এবং পোল ভল্টে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***২) বক্সিং বিভাগে– পুরুষ শাখায়*** ৪৮ কেজিতে ১টি, ৫১ কেজিতে ১, ৫৪ কেজিতে ১, ৬৩.৫ কেজিতে ১, ৮০ কেজিতে ১, ৮৬ কেজিতে ১, ৯৩ কেজিতে ১ এবং ৯২ কেজির উর্ধ্বসীমা ১টি শূন্যপদ সংরক্ষিত। ***বক্সিং বিভাগে– মহিলা শাখায়*** ৪৮ কেজিতে ১টি, ৫৪ কেজিতে ১, ৫৭ কেজিতে ১, ৬০ কেজিতে ১, ৬৩ কেজিতে ১, ৬৬ কেজিতে ১, ৭০ কেজিতে ১, ৭৫ কেজিতে ১ এবং ৮১ কেজির উর্ধ্বসীমায় ১টি শূন্যপদ সংরক্ষিত। ***৩) বাস্কেটবল বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ৮টি। ***৪) জিমন্যাস্টিক বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ৫টি। ***৫) ফুটবল বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ১০টি। ***৬) হকি বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ১৫টি। ***৭) হ্যান্ডবল বিভাগে– পুরুষ শাখায়*** শূন্যপদ ৬টি। ***৮) জুডো বিভাগে– পুরুষ শাখায়*** ৬৬ কেজিতে ২, ৭৩ কেজিতে ১, ৮১ কেজিতে ২, ৯০ কেজিতে ১ এবং ১০০ কেজিতে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***জুডো বিভাগে– মহিলা শাখায়*** ৭০ কেজিতে ২ এবং ৭৮ কেজির উর্ধ্বে ২টি শূন্যপদ সংরক্ষিত। ***৯) কাবাডি বিভাগে–*** পুরুষ শাখায় ৭টি ও মহিলা শাখায় ৮টি শূন্যপদ সংরক্ষিত। ***১০) শুটিং বিভাগে–*** পুরুষ শাখায় রাইফেলে ২টি ও পিস্তলে ১টি এবং মহিলা শাখায় রাইফেলে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***১১) সুইমিং বিভাগে–*** পুরুষ শাখায় ৫০ মিটার, ১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, ৮০০ মিটার, ১৫০০ মিটার (ফ্রিস্টাইল) শূন্যপদ ৩টি। ৫০ মিটার, ১০০ মিটার, ২০০ মিটার (ব্রেস্ট স্ট্রোক) শূন্যপদ ৩টি। ৫০ মিটার, ১০০ মিটার, ২০০ মিটার (ব্যাক স্ট্রোক) শূন্যপদ ৩টি। ৫০ মিটার, ১০০ মিটার, ২০০ মিটারে (বাটার ফ্লাই) শূন্যপদ ২টি। ১ মিটার স্প্রিং বোর্ড ডাইভিংয়ে ২টি, ৩ মিটার স্প্রিং বোর্ড ডাইভিংয়ে ২টি এবং হাইবোর্ড ডাইভিংয়ে ২টি শূন্যপদ সংরক্ষিত। ***১২) ভলিবল বিভাগে–*** পুরুষ শাখায় শূন্যপদ ৫টি। ***১৩) ওয়েট লিফটিং বিভাগে–*** পুরুষ শাখায় ৫৫ কেজিতে ২, ৬১ কেজিতে ১, ৬৭ কেজিতে ২, ৭৩ কেজিতে ২, ৮১ কেজিতে ২, ৮৯ কেজিতে ১, ৯৬ কেজিতে ২, ১০২ কেজিতে ২, ১০৯ কেজিতে ১ এবং ১০৯ কেজির উর্ধ্বে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***ওয়েট লিফটিং বিভাগে–*** মহিলা শাখায় ৪৫ কেজিতে ১, ৫৯ কেজিতে ১, ৬৪ কেজিতে ১, ৭১ কেজিতে ১, ৭৬ কেজিতে ১, ৮৭ কেজিতে ১ এবং ৮৭ কেজির উর্ধ্বে ১টি শূন্যপদ সংরক্ষিত। ***১৪) রেসলিং বিভাগে–*** পুরুষ শাখায় ৫৫ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ২টি, ৬০ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ১টি, ৮২ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ২টি, ৮৭ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ১টি, ৯৭ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ২টি, ১২৫ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ১টি, ৭০ কেজি (ফ্রিস্টাইলে) ১টি, ৭৪ কেজি (ফ্রিস্টাইলে) ১টি, ৮৬ কেজি (ফ্রিস্টাইলে) ১টি, ৯৭ কেজি (ফ্রিস্টাইলে) ১টি এবং ১২৫ কেজি (ফ্রিস্টাইলে) ১টি শূন্যপদ সংরক্ষিত। ***১৫) তাইকোন্দো বিভাগে–*** পুরুষ শাখায় ৫৪ কেজিতে শূন্যপদ ১টি, ৫৮ কেজিতে ১, ৬৩ কেজিতে ১, ৬৮ কেজিতে ১, ৭৪ কেজিতে ১, ৮০ কেজিতে ১, ৮৭ কেজিতে ১ এবং ৮৭ কেজির উর্ধ্বে ১টি শূন্যপদ সংরক্ষিত।

▶ **বয়সসীমা :** ১ আগস্ট ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৩ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বোর্ড থেকে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ক্রিড়া বিভাগে রাজ্য/জাতীয়/আন্তর্জাতিক স্তরে প্রার্থীর ভালো পারফরম্যান্স থাকতে হবে।

▶ **শারীরিক মাপজোখ :** পুরুষদের ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৬৭ সেমি, গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুনি, ডোগরা, মারাঠা এবং আদিবাসীদের জন্য ন্যূনতম শারীরিক উচ্চতা হবে হবে ১৬০ সেমি। উভয়েরই বুকের ছাতি হতে হবে ৮১-৮৬ সেমির মধ্যে। মহিলাদের ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৫৩ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে নিকট দৃষ্টিতে ভালো চোখে এন-৬ এবং খারাপ চোখে এন-৯, দূরদৃষ্টিতে ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯ হতে হবে। শারীরিক উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৩১ মার্চ, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের লিখিত আবেদনপত্র পাঠাতে হবে। আবেদনপত্রের বয়ান ও সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে https://cisfrectt.in ওয়েবসাইট থেকে। সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটিতেই চিঠি পাঠানোর ঠিকানা বিস্তারিত দেওয়া আছে। আবেদন ফি ১০০ টাকা। এসসি/এসটি ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। আবেদন ফি জমা করতে হবে শুধুমাত্র পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ফিজিক্যাল টেস্ট, ট্রায়াল টেস্ট এবং ডকুমেন্ট ভেরিফিকেশনের মাধ্যমে। বিস্তারিত জানুন উপরিউক্ত ওয়েবসাইট থেকে।

এগ্রিকালচারাল রিসার্চে ৬৪১ টেকনিশিয়ান

১ পাতার পর

এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকবে। সময় দেড় ঘণ্টা। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের ডকুমেন্ট ভেরিফিকেশনে ডাকা হবে তারপর ট্রেনিংয়ে অংশগ্রহণ করতে হবে। কোনো ইন্টারভিউ রাউন্ড থাকবে না।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১০ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে https://www.iari.res.in/ ওয়েবসাইট গিয়ে। আবেদন ফি ১০০০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী/প্রাক্তন সমরকর্মী ও মহিলা প্রার্থীদের আবেদন ফি ৩০০ টাকা। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

নাসিকে নোট প্রেসে ১৪৯

২ পাতার পর

(অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ) শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়সসীমা ১৮-৩০ বছর। আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার ডিগ্রি পাশ করতে হবে হিন্দি/ইংরেজি বিষয়ে এবং স্নাতক স্তরে অবশ্যই এই বিষয়দুটির মধ্যে যেকোনো একটি পড়ে থাকতে হবে। অর্থাৎ, ইংরেজিতে মাস্টার ডিগ্রি থাকলে স্নাতক স্তরে হিন্দি এবং হিন্দিতে মাস্টার্স করা থাকলে স্নাতক স্তরে ইংরেজি পড়ে থাকতে হবে। এর সঙ্গে অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে হিন্দি থেকে ইংরেজি বা ইংরেজি থেকে হিন্দি ভাষায় অনুবাদের কাজে। ***৫) সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট*** শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়সসীমা ১৮-২৮ বছর। আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিসয়ে ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ স্নাতক পাশের সঙ্গে কম্পিউটার এবং স্টেনোগ্রাফিতে নলেজ থাকতে হবে। ***৬) জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট*** শাখায় শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৩ এবং ওবিসি ৩)। বয়সসীমা ১৮-২৮ বছর। আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিসয়ে ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ স্নাতক পাশের সঙ্গে কম্পিউটার এবং স্টেনোগ্রাফিতে নলেজ থাকতে হবে। ***৭) জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং/কন্ট্রোল)*** শাখায় শূন্যপদ ১০৪টি (অসংরক্ষিত ৪৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১০, ওবিসি ২৮, এসটি ৭, এসসি ১৫)। বয়সসীমা ১৮-২৫ বছর। আবেদনের জন্য আইটিআই সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে প্রিন্টিং ট্রেডে। অর্থাৎ, লিথো অফসেট মেসিন মাইন্ডার/লেটার প্রেস মেসিন মাইন্ডার/অফসেট প্রিন্টিং/প্লেট মেকিং/ইলেক্ট্রোপ্লেটিং/প্লেট মেকার কাম ইম্পোজিটার/হ্যান্ড কম্পোজিং বিষয়গুলিতে এবং এর সঙ্গে অন্তত ১ বছর মেয়াদের 'এনএসি সার্টিফিকেট' প্রাপ্ত হতে হবে। ***৮) জুনিয়র টেকনিশিয়ান (ওয়ার্কশপ)*** শাখার অন্তর্গত মেকানিক্যাল বিভাগে শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৫, ওবিসি ২ এবং এসসি ১)। এয়ারকন্ডিশনিং বিভাগে শূন্যপদ ২টি (অসংরিত)। ইলেকট্রিক্যাল বিভাগে শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৫, ওবিসি ১ এবং এসসি ১। ইলেকট্রনিক্স বিভাগে শূন্যপদ ৪টি (অসংরক্ষিত ৩, ওবিসি ১) বয়সসীমা ১৮-২৫ বছর। আবেদনের জন্য সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেট পাশ করার সঙ্গে সঙ্গে ১ বছর মেয়াদের এনএসি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। উপরিউক্ত সমস্ত পদের বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা ২৫ জানুয়ারি, ২০২২ তারিখ পর্যন্ত নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীর সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট, স্টেনোগ্রাফি/টাইপ টেস্টের মাধ্যমে। ওয়েলফেয়ার অফিসার, সুপারভাইজার (টেকনিক্যাল-কন্ট্রোল, প্রিন্টিং) পদের জন্য ২০০ নম্বরের অবজেক্টিভ টাইপের পরীক্ষা হবে ১২০ মিনিট সময়ে যেখানে থাকবে সংশ্লিষ্ট ট্রেড থেকে প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, লজিক্যাল রিজনিং এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়গুলি থেকে। সুপারভাইজার (অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ পদের জন্য ওই দিকই ধরনের পরীক্ষা হবে। শুধুমাত্র সংশ্লিষ্ট ট্রেড থেকে প্রশ্নের জায়গায় প্রার্থীকে ইংরেজি থেকে হিন্দি এবং হিন্দি থেকে ইংরেজি ভাষায় অনুবাদের পরীক্ষা দিতে হবে। সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট পদের জন্য ১৬০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্নের উত্তর দিতে হবে ১২০ মিনিট সময়ে যেখানে থকবে জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, লজিক্যাল রিজনিং এবং কোয়ান্টিটেটিভ বিষয় থেকে প্রশ্ন। এই একই রাম পরীক্ষা হবে জুনিয়র অফিস অ্যাস্ট্যান্ট পদের জন্যও। জুনিয়র টেকনিশিয়ান ভপ্রিন্টিং/কন্ট্রোল, ওয়ার্কশপ) পদের জন্য ১২০ নম্বরের লিখিত পরীক্ষা হবে ১২০ মিনিট সময়ে। যেখানে থাকবে জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়ারনেস, লজিক্যাল রিজনিং এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড থেকে প্রশ্ন। প্রতিটি লিখিত পরীরা অবজেক্টিভ টাইপের প্রশ্নে হবে। লিখিত পরীক্ষায় পাশ করলে এরপর পদ অনুযায়ী স্কিল টেস্ট, স্টেনোগ্রাফি বা টাইপিং টেস্টে ডাকা হবে। লিখিত পরীক্ষায় কাট-অফ তুলতে হবে অন্তত ৫৫ শতাংশ। ওবিসি প্রার্থীদের ৫০ শতাংশ এবং এসসিএসটি প্রার্থীরা ন্যূনতম ৪৫ শতাংশ নম্বর পেলেই উত্তীর্ণ বলে গণ্য হবে। লিখিত পরীক্ষায় কোনো নেগেটিভ মার্কিং থাকবে না। স্কিল টেস্ট ও লিখিত পরীক্ষার কেন্দ্র পড়বে নাসিক, হায়দ্রাবাদ, মুম্বাই, দিল্লি, কলকাতা এবং ভোপাল শহরে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে https://cnpnashik.spmcil.com ওয়েবসাইটে গিয়ে। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

GSCE Publications থেকে প্রকাশিত হল

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

ACHIEVERS Collectors' Handbook of Infotainment

- বিষয়ভিত্তিক তথ্য সংকলন
- ব্যাখ্যাসহ প্র্যাকটিস সেট
- পশ্চিমবঙ্গ পুলিশ এবং কলকাতা পুলিশের বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তর

WBP WEST BENGAL POLICE

KOLKATA POLICE FORCE

₹200

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল পরীক্ষার অপরিহার্য সংখ্যা

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

ফ্রিল্যান্সিং

◆ ফ্রিল্যান্সিং বিষয়টা কী? চাকরি ও ফ্রিল্যান্সিং-এর মধ্যে পার্থক্য কী? এটা করতে গেলে কি কি যোগ্যতা লাগে বা কিরকমভাবে নিজেকে তৈরি করতে হয়? অনুগ্রহ করে জানাবেন।

সমাপ্তি বড়ুয়া, কৃষ্ণনগর

☞ ফ্রিল্যান্সিং হল এমন একটি পেশাদারি ব্যবস্থা যাতে কোনো এক ব্যক্তি (freelancer) কোনো একটি বিষয় সম্পর্কে তার দক্ষতা ও অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে একই সাথে বিভিন্ন সংস্থা বা ব্যক্তির জন্য অর্থের বিনিময়ে স্বল্প বা দীর্ঘ সময়ের জন্য কাজ করে থাকে। এই ক্ষেত্রে তারা কখনই স্থায়ী কর্মী হিসেবে কাজ করে না। সহজ কথায় ফ্রিল্যান্সিং হল টাকার বিনিময়ে পেশাদারিভাবে কোনো সংস্থা বা ব্যক্তিকে পরিষেবা প্রদান করা।

ফ্রিল্যান্সিংয়ে একজন একইসময়ে বিভিন্ন সংস্থার হয়ে কাজ করতে পারে কিন্তু স্থায়ীভাবে নিযুক্ত হওয়া কখনই সম্ভব নয়। পারস্পরিক চুক্তির দ্বারা স্বল্প বা দীর্ঘ সময়ের জন্য পরিষেবা দেওয়া হয় এবং কাজ অনুযায়ী রোজগার বা টাকার পরিমাণ ঠিক হয় যা কখনই নির্দিষ্ট নয়।

ফ্রিল্যান্সিং হল স্বাধীন ও স্বনির্ভর জীবিকা এখানে কাজের শর্ত, মার্কেটিং, ক্লায়েন্টদের সাথে যোগাযোগ করা এবং তাদের কাজ নেওয়া ও পরিষেবা দেওয়া পুরোটাই ফ্রিল্যান্সারের নিজের দায়িত্ব। ফ্রিল্যান্সিংয়ে সফলতা পাওয়ার চাবিকাঠি হল কাজের প্রতি নিষ্ঠা, আগ্রহ এবং ধৈর্য্য। ফ্রিল্যান্সিংয়ের জগতে প্রবেশ করা মাত্রই টাকার বন্যায় ভেসে যাবেন এরকম না ভাবাই বাঞ্ছনীয়। সময় ব্যবস্থাপনা, ক্লায়েন্ট নেটওয়ার্কিং ও আর্থিক পরিকল্পনা ফ্রিল্যান্সিংয়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদি আপনি নিজের কাজে খুব পারদর্শীও হয়ে থাকেন তবুও আপনাকে আরো কিছু জিনিস শিখতেই হবে।

ফ্রিল্যান্সিং করে কত টাকা আয় করা যায়?

ফ্রিল্যান্সিং কোনো চাকরি নয় তাই এতে আয়ের পরিমাণ কখনেই নির্দিষ্টভাবে বলা যায় না। তবে একজন প্রতিষ্ঠিত ফ্রিল্যান্সার কোনো উচ্চপদে কর্মরত চাকরিজীবীর থেকেও বেশি আয় করতে পারে। কাজের সময় ও টাকা ফ্রিল্যান্সার নিজেই ঠিক করতে পারে।

ফ্রিল্যান্সিংয়ে আয় সাধারণত ৩ ভাবে ঠিক হয়–

১) প্রতি ঘণ্টা হিসেবে (per hour rate)

২) প্রতি দিন হিসেবে (per day rate)

৩) প্রতি কাজ হিসেবে (per assignment rate)

৫টি আবশ্যকীয় জিনিস ফ্রিল্যান্সিং শুরু করার জন্য– এবার যেহেতু ফ্রিল্যান্সিং সম্বন্ধে একটা ধারণা আপনারা পেয়ে গেছেন তাই এই সময় কিছু প্রাথমিক বিষয় জানার যাতে আপনিও ফ্রিল্যান্সিং শুরু করতে পারেন।

(১) কম্পিউটার/ল্যাপটপ ও সুস্থিত ইন্টারনেট সংযোগ : ফ্রিল্যান্সার হিসেবে আপনি বাড়ি বা আপনার পছন্দের অন্য যেকোনো জায়গা থেকেই কাজ করতে পারবেন কিন্তু সেজন্য আপনার কাছে ল্যাপটপ ও তাতে ইন্টারনেটের সংযোগ থাকতেই হবে।

(২) নিজস্ব পোর্টফোলিও : একজন স্বাধীন ফ্রিল্যান্সার হিসেবে আপনি কি কি পরিষেবা দিতে চান সে সম্পর্কে আপনার একটি নিজস্ব পোর্টফোলিও থাকা খুব জরুরি। কোনো ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেস বা প্ল্যাটফর্মে যুক্ত হলে একটি পেশাদারি প্রোফাইল তৈরি করুন এবং ভালো রিভিউ অর্জন করতে থাকুন। কিন্তু যদি কোনো প্ল্যাটফর্মে যুক্ত না হন তাহলে অতি অবশ্যই নিজের পোর্টফোলিও খুব ভালো করে তৈরি করুন এবং সেটি নিজের ওয়েবসাইট, ব্লগ বা সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করুন।

(৩) ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেস/প্ল্যাটফর্ম : ফ্রিল্যান্সিংয়ে বিভিন্ন সুবিধা থাকা সত্ত্বেও সঠিক ক্লায়েন্ট পাওয়া একটা কঠিন কাজ হয়ে দাঁড়ায়। ফ্রিল্যান্সিং প্ল্যাটফর্মগুলি ফ্রিল্যান্সার এবং ক্লায়েন্টদের মধ্যে যোগসূত্র স্থাপন করে এই সমস্যার সমাধান করে।

পেমেন্ট পদ্ধতি–

ফ্রিল্যান্সার হওয়ার জন আপনার ডিজিটাল পেমেন্ট গ্রহণ করার মতো কোনো ডিজিটাল ওয়ালেট বা কোনো ব্যবস্থা অবশ্যই থাকা দরকার যার মাধ্যমে আপনি ফ্রিল্যান্সিং প্লাটফর্ম বা ক্লায়েন্টদের থেকে সরাসরি টাকা নিতে পারবেন। এই ব্যাপারে সচেতন না হলে আপনি কাজ করেও টাকা না পেতে পারেন বা অযথাই আপনার পেমেন্ট আসতে দেরি হতে পারে। প্রত্যেক পেমেন্ট মেথডেরই কিছু সুবিধা ও কিছু অসুবিধা থাকে যা আপনার ভৌগোলিক অবস্থান ও কারেন্সির ওপর নির্ভর করে, তা সত্ত্বেও বহু ফ্রিল্যান্সরদের ব্যবহৃত সেরা তিনটি পেমেন্ট মেথড হল Paypal, Payoneer ও Skrill।

ফ্রিল্যান্সিং এর জন্য কমিউনিকেশ স্কিল :

ফ্রিল্যান্সিং এর ক্ষেত্রেও কিছু কমিউনিকেশনে স্কিল এর ভূমিকা খুব গুরুত্বপূর্ণ। আপনি কাজে অত্যন্ত দক্ষ হওয়া সত্ত্বেও যদি ক্লায়েন্ট-এর সাথে সঠিকভাবে যোগাযোগ বা সম্পর্ক স্থাপন না করতে পারেন তাহলে আপনার ফ্রিল্যান্সিং-এর যাত্রা শুরুতেই থেমে যাবে। সুন্দর বাচনভঙ্গি বা সুন্দরভাবে লেখার দক্ষতা ক্লায়েন্ট এর সাথে সুসম্পর্ক গড়ে তুলতে সাহায্য করে। ক্লায়েন্ট এর সাথে স্বাস্থ্যকর সম্পর্ক বজায় রাখলে আপনি সহজেই অন্য ফ্রিল্যান্সারদের থেকে কাজ পাওয়ার ক্ষেত্রে এগিয়ে থাকবেন।

Listening Skill বা শোনার ক্ষমতা– খুব দরকারি গুণ, ক্লায়েন্ট ঠিক কি চায় তা খুব মনোযোগ সহকারে শুনুন এবং ঠিক তার কথামতোই কাজটি সঠিক সময়ের মধ্যে সম্পূর্ণ করুন।

Negotiation Skill বা দরদাম করার ক্ষমতা– এটিও খুব গুরুত্বপূর্ণ একটি স্কিল যা আপনাকে রপ্ত করতেই হবে যাতে আপনি পেশাদারিভাবেই ক্লায়েন্টের সাথে এমনভাবে চুক্তিবদ্ধ হবেন যাতে উভয়েই লাভবান হতে পারেন।

Written Skill প্রধানত Email রাইটিং– এই স্কিলটি আপনাকে নিজের স্বচ্ছতা ও পেশাদার ফ্রিল্যান্সার হিসেবে বিশ্বাসযোগ্যতা অর্জনে সাহায্য করবে।

Proposal রাইটিং– এই গুণটির মাধ্যমে আপনি ক্লায়েন্টকে আশ্বস্ত করবেন যে কাজের পরিমাণে তাকে যে পরিমাণ অর্থ ব্যয় করতে হচ্ছে তা সঙ্গত। ইমেলের মাধ্যমে নিজের বক্তব্য সহজ, মার্জিত কিন্তু আকর্ষণীয় ভাবে পেশ করতে পারা একটি আবশ্যকীয় দক্ষতা।

কমিউনিকেশন স্কিলের দক্ষতা বৃদ্ধির কিছু উপায়–

- নিয়মিত পড়া ও লেখার অভ্যেস করা
- প্রতিষ্ঠিত ফ্রিল্যান্সারদের ইন্টারভিউ দেখা ও তাদের থেকে শেখা
- ইন্টারনেটে উপস্থিত বিভিন্ন resource কাজে লাগিয়েও কমিউনিকেশন স্কিল বৃদ্ধি করা সম্ভব।
- সারা বিশ্বের নানা ক্লায়েন্ট পেতে হলে ইংরেজি ভাষা ভালো করে শিখতেই হবে।

কিছু সাধারণ জিনিস :

সক্রিয় থাকুন এবং দ্রুত প্রতি উত্তর দিন। যদি ক্লায়েন্টের দেওয়া সময়মতো কাজ করে উঠতে নাও পারেন তাতেও শান্ত থাকুন। অপরপক্ষের মানুষটির জায়গায় নিজেকে বসিয়ে সমস্যাটি বোঝার চেষ্টা করুন, সহজ ও বোধগম্য শব্দ ব্যবহার করুন।

সময়ের সঠিক ব্যবহার :

সময়ের ব্যবস্থাপনা হল ফ্রিল্যান্সিংয়ের প্রাথমিক ও মুখ্য উপাদান। সময়ই ফ্রিল্যান্সারদের প্রিয় বন্ধু অথবা সবচেয়ে খারাপ শত্রু হয়ে উঠতে পারে। ফ্রিল্যান্সিয়ে আপনি নিজেই নিজের কাজের মালিক, কেউ আপনাকে বলবে না যে কোন কাজটা কখন করতে হবে এবং এটাই সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এই পরিস্থিতিতে আপনি নিজের অজান্তেই বহু মূল্যবান সময় নষ্ট করে ফেলতে পারেন যদি আপনি নিয়মানুবর্তী না হন। কোনো নির্দিষ্ট কাজে ঠিক কতটা সময় লাগবে তা আগে থেকে বোঝা সম্ভব নয় কারণ সেটি কাজের প্রকৃতির ওপর নির্ভর করে এবং প্রত্যেক কাজেই ভিন্ন সময় লাগে।

সময় ব্যবহারের সামান্য ভুলচুকের ফলে আপনি ক্লায়েন্ট হারিয়ে ফেলতে পারেন, পরিকল্পনা মাফিক সময়ের ব্যবহার আপনার কাজের উৎপাদনশীলতা বৃদ্ধি করবে এবং আপনি নিজের ব্যক্তিগত জীবনের জন্যও বেশি সময় বাঁচাতে পারবেন।

Proposal রাইটিং স্কিল : নিয়মিতভাবে কাজ পাওয়ার জন্য আবেদন করার দক্ষতা রপ্ত করা ফ্রিল্যান্সারদের জন্য বাধ্যতামূলক। একটা সুন্দরভাবে লেখা প্রপোসাল দ্বারা আপনি বহু অভিজ্ঞ ফ্রিল্যানসারদেরও পিছনে ফেলে দিতে পারেন। একটি সুন্দর প্রপোসালের জন্যই ক্লায়েন্ট আপনাকে তার কাজের জন্য পেতে চাইবে। এটা খুব একটা সহজ কাজ নয় কিন্তু সময়ের সাথে আপনি এ বিষয়েও দক্ষ হয়ে উঠবেন।

আর্থিক লেনদেন সংক্রান্ত স্কিল :

ফ্রিল্যান্সার হিসেবে কাজ, নিজের পেশার উন্নতির সাথে সাথে আর্থিক সমস্ত বিষয়ের দিকেও নিজেকেই নজর রাখতে হবে। ফ্রিল্যান্সিং শুরুর আগে থেকেই এই আর্থিক লেনদেন, সঞ্চয়, বিনিয়োগ সবকিছু সম্বন্ধে অবগত থাকতে হবে যাতে পরবর্তী সময়ে আপনার কাজ এইসব কারণে ব্যাহত না হয়। ফ্রিল্যান্সিংয়ে আয়ের পরিমাণ কখনই নির্দিষ্ট থাকে না, কোনো মাসে অনেক কাজ পেয়ে আপনি অনেক টাকা কামাতে পারেন আবার কোনো মাসে কাজ না পেলে আপনার আয় খুবই কমে যেতে পারে। তাই এই ব্যাপারে মনকে আগে থেকেই প্রস্তুত রাখতে হবে।

নীট পরীক্ষা

◆ NEET পরীক্ষা সম্পর্কে জানতে চাই। এটা দিয়ে ডাক্তারি পড়া যায় বলে জানি। তবে বিশদে জানতে চাইছি। অনুগ্রহ করে জানাবেন।

দিপান্বিতা বসাক, ফরাক্কা

☞ যে সমস্ত পড়ুয়ারা আগামী দিনে ডাক্তারি ও তার সহযোগী বিষয়গুলি নিয়ে উচ্চশিক্ষা লাভ করতে চান, তাদের অবশ্যই NEET পরীক্ষায় বসতে হবে। এই পরীক্ষায় ফলাফলের ভিত্তিতেই আগামীতে বিভিন্ন মেডিক্যাল কলেজে ভর্তি হতে পারবেন তারা। NEET পরীক্ষায় বসার জন্য একজন পরীক্ষার্থীকে অবশ্যই ভৌতবিজ্ঞান, রসায়ন, জীবন বিজ্ঞান ও ইংরেজিকে প্রধান বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ করতে হবে। যে সমস্ত পরীক্ষার্থীরা ২০২২ সালে দ্বাদশ শ্রেণির পরীক্ষায় বসবেন তাঁরাও এই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। অসংরক্ষিত শ্রেণির প্রার্থীদের দ্বাদশ শ্রেণির পরীক্ষায় ন্যূনতম ৫০ শতাংশ পেতে হবে। এসসি, এসটি এবং ওবিসি শ্রেণির প্রার্থীদের ন্যূনতম ৪০ শতাংশ নম্বর পেয়ে পাশ করতে হবে। যেসমস্ত পরীক্ষার্থীরা NEET পরীক্ষায় অংশগ্রহণ করবেন, তাদের কলেজে ভর্তির সময় বয়স অবশ্যই ১৭ বা তার বেশি হওয়া জরুরি। অসংরক্ষিত শ্রেণির ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ২৫ বছর এবং সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর হয়। শুধুমাত্র অনলাইন পদ্ধতিতে এই পরীক্ষার জন্য আবেদন করা যায়। পরীক্ষার জন্য আবেদন করতে প্রার্থীকে www.ntaneet.nic.in ওয়েবসাইটে যেতে হবে। সেখানে গিয়ে নিজের অথবা বাবা/মায়ের একটি বৈধ ইমেল আইডি দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে প্রার্থীদের। এরপর অনলাইনে আবেদনপত্রটি পূরণ করার পর সেটির 'অ্যাপ্লিকেশন নম্বর'টি নিজের কাছে রেখে দিতে হবে। এরপর ছবি, সই ও বিভিন্ন প্রয়োজনীয় নথি (যা চাওয়া হবে আবেদনপত্রে) আপলোড করতে হবে পরীক্ষার্থীদের। এরপর অনলাইন ফি পেমেন্ট করতে হবে। গত বছর পর্যন্ত অসংরক্ষিত ফ্রার্থীদের জন্য আবেদন ফি ছিল ১৫০০ টাকা, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ও ওবিসি প্রার্থীদের ১৪০০ টাকা এবং এসসি, এসটি ও শারীরিক প্রতিবন্ধীদের ৮০০ টাকা।

পরীক্ষা পদ্ধতি : ভৌত বিজ্ঞান, রসায়ন ও জীবন বিজ্ঞান এই তিনটি বিষয়ের উপর প্রশ্ন করা হবে পরীক্ষার্থীদের। মোট ১৮০টি প্রশ্ন থাকবে প্রশ্নপত্রে। ৯০টি প্রশ্ন থাকবে জীবন বিজ্ঞান বিষয় থেকে, ভৌত বিজ্ঞান ও রসায়ন থেকে থাকবে ৪৫টি করে প্রশ্ন। প্রতিটি প্রশ্নের মান ৪, প্রতিটি ভুল উত্তরের জন্য ১ নম্বর করে কাটা হবে। সময়সীমা ৩ ঘণ্টা। অফলাইন মাধ্যমে পরীক্ষাটি অনুষ্ঠিত হবে। যদিও করোনা আবহে এই বছর কীভাবে পরীক্ষা হবে তা পরে জানানো হবে ন্যাশনাল টেস্টিং এজেন্সির (NTA) এর তরফ থেকে। মোট ১১টি ভাষায় পরীক্ষার প্রশ্নপত্র হবে। এ বছর জুন মাস নাগাদ এই পরীক্ষা গ্রহণ করা হবে। এখনও অবধি এমনটাই জানা গেছে। এই পরীক্ষার সিলেবাসে সেরকম কোনো পরিবর্তন করা হচ্ছে না বলেই খবর। পরীক্ষায় ভালো ফল করার জন্য এনসিইআরটি এর একাদশ ও দ্বাদশ শ্রেণির বইগুলি খুব ভালো করে পড়তে হবে। এছাড়াও প্রশ্নপত্রের ধরন বুঝতে গত ১০ বছরের NEET পরীক্ষার প্রশ্নপত্র ভালো করে পড়তে হবে পরীক্ষার্থীদের। এছাড়াও মক টেস্ট পেপারও অবশ্যই সলভ করতে হবে। উল্লেখ্য, NEET পরীক্ষার পুরো নাম 'National Eligibility Cum Entrance Test'। শীঘ্রই এবছরের পরীক্ষাসূচি প্রকাশ করতে চলেছে এনটিএ, জুন মাসে সম্ভাব্য তারিখ হলেও দিন ঘোষণার অপেক্ষায় আছেন পরীক্ষার্থীরা।

সেট পরীক্ষা

◆ 'সেট পরীক্ষা' ৯ জানুয়ারি হবে তো? করোনা সংক্রমণ বেড়েছে বলে পরীক্ষায় বিষয়ে চিন্তায় আছি।

দুহিতা পাল, চাকদহ

☞ এবছর ৯ জানুয়ারি 'স্টেট এলিজিবিলিটি টেস্ট' বা 'সেট' পরীক্ষা। রাজ্য কলেজ সার্ভিস কমিশন দ্বারা আয়োজিত পরীক্ষাটির দিন বদল হয়নি তবে পরীক্ষার সময়সূচি পরিবর্তিত হয়েছে। প্রথমে সকাল ৯টা ৩০ মিনিট থেকে পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। এবার তা এক ঘণ্টা পিছিয়ে নতুন সময় হয়েছে সকাল ১০টা ৩০ মিনিটে। চলবে ১১টা ৩০ মিনিট পর্যন্ত। এটি গেল প্রথম পেপারের সময়সীমা। দ্বিতীয় পেপারটির সময়সীমা দুপুর ১২টা থেকে ২টো পর্যন্ত। পরীক্ষার্থীদের সকাল ৯টার মধ্যে কেন্দ্রে অবশ্যই পৌঁছতে হবে। গত ডিসেম্বর মাসেই সেট পরীক্ষার অ্যাডমিট কার্ড প্রকাশিত হয়েছিল। যে সকল পরীক্ষার্থী এখনও অ্যাডমিট কার্ড ডাউনলোড করেননি তারা অবশ্যই কলেজ সার্ভিস কমিশনের ওয়েবসাইট থেকে নিজেদের অ্যাডমিট কার্ডটি ডাউনলোড করে নেবেন। ওয়েবসাইট হল www.wbcsconline.in।

তথ্যসূত্র : বিশেষজ্ঞদের পরামর্শ ও ইন্টারনেট থেকে সংগৃহীত।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন **sckmatter@gmail.com** এই ইমেল আইডিতে। অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর প্রকাশিত হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হয় না।

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Specialist Officer XI (Mains Exam)	30.01.2022	www.ibps.in
IBPS PO / MT XI (Mains Exam) 2021	January, 2022	
IBPS Clerk-XI (Mains Exam) 2021	January, 2022	
IBPS Clerk-XI (Preli Exam) 2021	December, 2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Mains) Exam-2021	27.02.2022 to 08.03.2022	www.upsc.gov.in
Indian Forest Service (Preli) Exam-2022	05.06.2022	
Indian Forest Service (Mains) Exam-2022	20.11.2022	
Civil Services (Mains) Exam-2021	07-09,15,16.01.2022	
Civil Services (Preli) Exam-2022	05.06.2022	
Civil Services (Mains) Exam-2022	16.09.2022	
CDS Exam-II 2022	04.09.2022	
Combined Geo-Scientist Preli Exam 2022	20.02.2022	
Combined Geo-Scientist Mian Exam 2022	25,26.06.2022	
Engineering Service Preli Exam 2022	20.02.2022	
NDA & NA Exam-I 2022	10.04.2022	
NDA & NA Exam-II 2022	04.09.2022	
Staff Selection Commission		
CGL 2020 Tier-III Exam	06.02.2022	www.ssc.nic.in
CGL 2020 Tier-II (CBT)	28-29.01.2022	
CHSL 2020 Tier-II Exam	09.01.2022	
CGL 2021 Tier-I	April, 2022	
JHT, JT, SHT 2021 Paper-I (CBT)	December, 2022	
Head Constable 2022 (CBT)	October, 2022	
Selection Post Phase-X 2022 (CBT)	July, 2022	
MTS Tier-I 2021	June, 2022	
CHSL Tier-I 2022	May, 2022	
Selection Post (Phase-IX) CBT	02-10.02.2022	
Scientific Assistant, 2022 (CBT)	January, 2023	
SSC GD Constable, 2022 (CBT)	June, 2023	
Constable (Executive), 2022 (CBT)	May, 2023	
Stenographer 2021 (CBT)	April, 2023	
Junior Engineer 2021 (CBT)	March, 2023	
MTS 2022 (CBT)	February, 2023	
West Bengal & All India Various Exams' Date		
SEBI Asst. Manaer Gr-A Phase-I	20.0202022	www.sebi.gov.in
SEBI Asst. Manaer Gr-A Phase-II	20.3 & 03.04.2022	
WB SET 2021	09.01.2022	www.wbcsconline.in
Navik (DB) 01/2022 Stage-III Exam	April, 2022	https://joinindian
Navik (GD) & Yantrik 01/2022 Stage-III Exam	February, 2022	coastguard.gov.in
WBSEDCL Office Executive & Junior Operator Technician cum Technical Assistant (Advt. No. 05/2018)	—	www.wbsedcl.in

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
West Bengal and All India Various Exams' Result	
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS PO / MT-XI Preli Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-X Officer (Scale-I, II, III) Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
West Bengal and All India Various Exams' Result	
State Bank of India Clerk Mains Result	www.sbi.co.in
SBI PO 2021 Preli Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Preli Result, 2019	
PSC Clerkship 2019 Mains Result (Advt. No. 15/2019)	www.wbpsc.gov.in
Miscellaneous 2018 Final Result (Advt. No. 29/2017)	
WBCS 2019 Group-C Main Result	
PSC Audit & Accounts Service (Advt. No. 17/2020) Preli Result	
PSC Civil Service Exam 2019 Gr-D Mains Result	
PSC Judicial Service 2021 Final Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result, 2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.wbcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBCS 2020 Preliminary Result	
UPSC (Union Public Service Commission)	
Civil Service 2021 Preli Result	www.upsc.gov.in
CAPF Written Exam Result	
UPSC CDS-II 2020 Result	
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SI in Delhi Police & CAPF 2020 Paper-II Result	www.ssc.nic.in
SSC Junior Engineer 2020 Paper-I Result	
Jr. Engineer 2019 Paper-II Result	
JHT, Jr. Translator & SHT 2020 Final Result	
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 Final Result	
CHSL Exam 2019 (Tier-II) Result	
CHSL Exam 2020 (Tier-I) Revised Result	

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী যেকোনো কেন্দ্রে সত্বর যোগাযোগ করুন।

ESTD.-1920

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020

ট্রেনিং পার্টনার ঃ ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

জীবন গড়ার ১০০ বছর

■*নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (ইউ জি সি অনুমোদিত) দ্বারা স্বীকৃত

প্রধান কোর্স সমূহ — যোগ্যতা ক্লাস X/XII বোর্ড এক্সাম

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- * রাউটিং সুইচিং এক্সপার্ট
- * নেটওয়ার্ক এক্সপার্ট
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- * ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং
- * সিসিটিভি টেকনিসিয়ান
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- * স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
